

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৮১

৬. সদাচারণ ও ন্যায়নির্ণয় সংশ্লিষ্ট কিতাব (كتابُ البرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ দুইজনের উপস্থিতিতে মুসলিমদের পারস্পরিক গোপন সংলাপে লিপ্ত হওয়া জায়েয হওয়ার ব্যাপারে হাদিস

**ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ تَنَاجِي الْمُسْلِمِينَ بِحَضْرَةِ اثْتَيْنِ جَائِزٌ**

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ عَبْدِ اللَّهِ  
بْنِ دِينَارٍ قَالَ: كُنْتُ أَنَا وَعَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ عِنْدَ دَارِ خَالِدِ بْنِ عُقْبَةَ الَّتِي بِالسُّوقِ فَجَاءَ  
رَجُلٌ يُرِيدُ أَنْ يُنَاجِيَهُ وَلَيْسَ مَعَ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَحَدٌ غَيْرِي وَغَيْرُ الرَّجُلِ الَّذِي يُرِيدُ أَنْ  
يُنَاجِيَهُ فَدَعَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ رَجُلًا حَتَّىٰ كُنَّا أَرْبَعَةً فَقَالَ لَيِّ وَلِلرَّجُلِ الَّذِي دَعَا:  
اسْتَرْخِيَا فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَقُولُ: (لَا يَتَنَاجِي دُونَ وَاحِدٍ).  
الراوي : عَبْدُ اللَّهِ بْنِ دِينَارٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 581 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৮১. আবুল্ফ্লাহ বিন দীনার থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি এবং আবুল্ফ্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা বাজারে খালিদ বিন ‘উকবাহ রাদিয়াল্লাহু আনহুর বাড়ির কাছে ছিলাম। এমন সময় এক ব্যক্তি এসে আবুল্ফ্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমার সাথে গোপনে আলোচনা করতে ইচ্ছা করেন। সেসময় আবুল্ফ্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমার সাথে আমি ও সেই লোক ছাড়া আর কোন লোক ছিল না। ফলে আবুল্ফ্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমার আরেক ব্যক্তিকে ডাকলেন যেন আমরা চারজনে পরিণত হই। অতঃপর তিনি আমাকে ও ডেকে আনা ব্যক্তিকে বললেন: ‘আপনারা দুইজনে স্বাচ্ছন্দে একটু সময় কাটান। কেননা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: ‘একজনকে রেখে দুইজনে গোপন সংলাপে লিপ্ত হবে না।’”[1]

ফুটনোট

[1] বাগাবী শারহস সুন্নাহ: ৩৫০৯; মুয়াত্তা ইমাম মালিক: ২/১৮৮।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সাহীহাহ: ১৪০২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু দ্বীনার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89048>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন